

# বেড় প্লান্টিং বা বেড়-নালা চাষ পদ্ধতি

ফসল উৎপাদনে সময়, সেচ, শ্রমিক এবং অর্থ সামৃদ্ধী প্রযুক্তি



## বেড়-নালা চাষ পদ্ধতি কি?

আপনি আপনার ডংফেং বা সাইফেং পাওয়ার টিলার এর সাথে একটা বেড় প্লান্টার সংযুক্ত করলেন যা দিয়ে লম্বা বেড় ও নালা তৈরির মাধ্যমে একই সাথে জমিতে চাষ, ও সার দিতে পারবেন এবং বীজ বপন করতে পারবেন। যখন এটা জমির এক প্রান্ত থেকে অন্য প্রান্তের দিকে চালানো হয় তখন বেড় প্লান্টারের থাকা বিশেষ আকৃতির ফাল এবং রোলার একটা জমিতে বেডের আকৃতি তৈরি করে। এ ছাড়া নালার মাধ্যমে সহজেই সেচ দেওয়া যায়। ফলে সময়, পানি/সেচ এবং অর্থ সামৃদ্ধ হয়, আর ফসলের ফলনও বৃদ্ধি পায়।

## বেড়-নালা পদ্ধতিতে চাষের সুবিধাসমূহ

- প্লান/ভাসানো সেচের তুলনায় শতকরা ৪০ ভাগ কম পানির প্রয়োজন হয়। এতে সেচের খরচ কমে এবং অর্থ সামৃদ্ধ হয়।
- মৌসুমের পর মৌসুম একই বেড় ব্যবহার করা যায়। কারণ, আপনি একই জমি অনেকবার চাষ করছেন না। এভাবে আপনি টাকার সামৃদ্ধ করতে পারেন।
- বেডের উপর ফসলের শেকড় ভালভাবে জন্মায় এবং পুঁটি উপাদান ভালভাবে গ্রহণ করতে পারে ফলে টাকার অংকে সারের খরচের চেয়ে আপনি ফসলের বাড়তি আয় পাবেন।
- ধান, গম, ভূট্টা এবং অন্যান্য ফসলের ফলন বৃদ্ধি করে। ফলে আয় বাড়ে।
- আপনি দুই বেডের মাঝে দিয়ে হাঁটতে পারবেন, সহজেই আগাছা পরিষ্কার করতে পারবেন এবং ফসল পর্যবেক্ষণ করতে পারবেন।
- ইন্দুর বেডের মধ্যবর্তী ফাঁকা জায়গা পছন্দ করে না, ফলে তারা আপনার ফসল নষ্ট করবে না।
- বেড় প্লান্টার এবং এর খুচরা যন্ত্রণা বাংলাদেশে সহজভাবে এবং রক্ফনাবেক্ষণ সহজ।
- বেড় প্লান্টার সহজেই মাঠে ব্যবহার করা যায়, জমিতে প্রচুর চাষ দিতে হয় না ফলে আপনি আপনার সময় এবং টাকার সামৃদ্ধ করতে পারবেন।
- দুই বেডের মাঝে নালা থাকায় বৃষ্টির পানি নিষ্কাশন সহজ হয় এবং জলবদ্ধতায় ফসলের ক্ষতি হয় না।
- সহজে প্রতিষ্ঠাপনযোগ্য বিভিন্ন সাইজের বীজ প্লেট ব্যবহার করে কাঁথিত দূরত্বে এক বা দুই সারিতে নির্দিষ্ট বীজহারে বিভিন্ন ফসল বোনা যায় এবং এর ফলে বীজের আগাছা হয় না।



We would like to acknowledge the Food for Progress Project, Cornell University and the many private machinery manufacturers making bed planters in Bangladesh.

## কীভাবে আপনি বেড়-নালা পদ্ধতিতে চাষ করবেন?

- আপনার ডংফেং বা সাইফেং পাওয়ার টিলার এর পিছনে নির্দিষ্ট প্রকারের একটি নেড প্লান্টার সংযুক্ত করলেন।
- মাটি আলগা করতে এবং বেডের আকৃতি তৈরি করতে জমির একপাশ থেকে বেড প্লান্টার দিয়ে প্রথমে একপাক অতিক্রম করলেন, এতে একটি বেড তৈরি হবে।
- দ্বিতীয় পাকে বেড তৈরির সময় বেড প্লান্টার জমি চাষসহ বেড়-নালা আকৃতি তৈরি করবে এবং একই সাথে জমিতে সার প্রয়োগ ও বীজ বপন করবে। এতে সারের ব্যবহার ও কার্যকারিতা বৃদ্ধি পায় এবং ভাল ফলনের নিষ্যতা থাকে।
- বেডের উপরিতলের মাপ ৩৭-৪০ সেমি: এবং নালার গতীরতা ৮-১০ সেমি: হবে।
- মাত্র ১ ঘণ্টায় ১ বিঘা (৩০ শতাংশ) জমিতে বেড়-নালা তৈরি করা যায়।
- বেডের মধ্যবর্তী স্থান পূরণ করে সমান ভাবে বেডের উপর ফসল জন্মায়। এতে ফলন বাড়ে কারণ বোনা ফসলের চেয়ে বেশি পরিমাণ সূর্যের আলো এবং জায়গা পায়।
- বীজপ্লেট বা বীজ নিয়ন্ত্রণকারী (যা বেড প্লান্টারের সাথেই বিক্রি করা হয়) পরিবর্তন করে আপনি বিভিন্ন ধরনের ফসল চাষ করতে পারেন যেমন- ধান, গম, ভূট্টা, মুগ এবং অন্যান্য।
- যখন আপনি সেচ দিবেন, তখন পানি শুধু দুই বেডের মধ্যবর্তী নালা দিয়ে চালাচ করবে এবং তখনই আপনার ফসলের শেকড়কে তিজিয়ে রাখতে। জলবদ্ধতা সৃষ্টি না করে দীর্ঘ সময় বেডের 'জে' অবস্থা বজায় রাখে। প্রয়োজনীয় সংস্করণ সেচে এটা পানি, সময় এবং শ্রমিকের পরিমাণ কমায় এবং অর্থ সামৃদ্ধ করে।
- একবার আপনি বেড তৈরি করলে বছরের পর বছর তা রাখতে পারবেন। আপনি যদি বেডের ফসলের অবশিষ্টাংশ রেখে দেন, এটা পানি সেচের পর দীর্ঘ সময় ধরে মাটিতে রস ধরে রাখবে এবং ফলন বাড়াতে আপনাকে সাহায্য করবে।



"This handbill is made possible through support provided by the United States Agency for International Development (USAID). The contents and opinions expressed herein are those of the author(s) and do not necessarily reflect the views of the US Agency for International Development or the United States Government."

## বিস্তারিত জানতে যোগাযোগ করুন

আক্ষণিক গম গবেষণা কেন্দ্র, শ্যামপুর, রাজশাহী এবং  
বাংলাদেশ কৃষি গবেষণা ইনসিটিউট, গাজীপুর

আন্তর্জাতিক ভূট্টা ও গম গবেষণা কেন্দ্র (সিমিট), বাংলাদেশ  
বাসা ১০৩, রোড ৫৩, গুলশান ২, ঢাকা ১২১২  
ফোন: +৮৮ ০২ ৯৮৯৬৭৬৭, ৯৮৯৮২৭৮

ই-মেইল: cimmytbd@cgiar.org, shafiqul.islam@cgiar.org